১৬

ভোরের কাগজ

তারিখ 09 JUL 1995
পৃষ্ঠা ১ কলাম ৭

## এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিন

# বরিশাল, রাজশাহী ও নড়াইলে হাঙ্গামা, পরীক্ষক ছুরিকাহত বহিষ্কার ১৫০০

কাগজ প্রতিবেদক : এইচএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে গতকাল শনিবার কয়েকটি কেন্দ্রে ব্যাপক গোলযোগের খবর পাওয়া গেছে। পরীক্ষার্থীদের ছুরিকাঘাতে নড়াইল জেলার বরদিয়া কলেজ কেন্দ্রের একজন পরীক্ষক মারাত্মক আহত হয়েছেন। বরিশাল সিটি কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের হাতে একজন পরীক্ষক লাঞ্ছিত হয়েছেন। রাজশাহীর বরেন্দ্র কলেজ এবং নিউ গভঃ ডিগ্রি কলেজ কেন্দ্রে ব্যাপক নকল হওয়ার খবর পাওয়া গেছে। খবর আমাদের প্রতিনিধিদের। এদিকে গতকাল বাংলা দ্বিতীয়পত্রের পরীক্ষায় সারা দেশে প্রায় দেড় হাজার পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

নকল করা ও অন্যান্য অনিয়মের দায়ে গতকাল ঢাকা বোর্ডে ৫৬৪ জন, কুমিল্লা বোর্ডে ২৫৭ জন, রাজশাহী বোর্ডে ৫৫৫ জন এবং যশোর বোর্ডে ৫২ জন ছাত্রছাত্রীকে বহিষ্কার করা হয়েছে বলে জানা গেছে। তবে বোর্ডগুলোর কন্ট্রোল রুম বলেছে, গতরাত পর্যন্ত সব কেন্দ্রের বহিষ্কৃত ছাত্রছাত্রীর হিসাব তাদের কাছে পৌঁছেনি।

যশোর ও নড়াইল থেকে আমাদের প্রতিনিধিরা জানান, নড়াইলের লোহাগড়া থানার বরদিয়া কলেজ কেন্দ্রে পরীক্ষার্থীদের নকলে বাধা দেওয়ায় একজন বহিরাগত পরীক্ষক ছুরিকাহত হন। তাকে নড়াইল হাসপাতালে ভর্তি করা হয়েছে। পরীক্ষা চলাকালে পরীক্ষার্থীরা 'নকল করার সুযোগ দাও, নইলে টাকা ফেরত দাও' ইত্যাদি শ্লোগান দেয়। তারা পরীক্ষা কেন্দ্রের কম্পিউটার কক্ষ ও আসবাবপত্র ভাঙচুর করে। ক্ষতির পরিমাণ অন্তত ৫ লাখ টাকা। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কাঁদানে গ্যাস ছুড়েছে। পরিস্থিতি শান্ত হলে আবার পরীক্ষা চলতে থাকে। বোর্ডের একদল পর্যবেক্ষক কেন্দ্রটি জেলা সদরে সরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নেন বলে জানা যায়।

বরিশাল প্রতিনিধি জানান, শহরের সিটি কলেজ কেন্দ্রের একজন ছাত্রের নকল ধরায় পরীক্ষার্থী শরীফ উদ্দিন প্রভাষক আকবর খানকে ঘুষি মেরে আহত করে। পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। রাজশাহী প্রতিনিধি জানান, নগরীর বরেন্দ্র কলেজ কেন্দ্রে একজন প্রভাবশালী নেতার স্ত্রীর নকল করা নিয়ে কেন্দ্রের অন্য পরীক্ষার্থীরা ক্ষুব্ধ। সাধারণ ছাত্ররা হয় ঐ পরীক্ষার্থীনীর নকল বন্ধ করা কিংবা সকলকে নকল করার সমান সুযোগ দেওয়ার জন্য কলেজ কর্তৃপক্ষের কাছে দাবি করেছে। জানা গেছে, গতকাল পরীক্ষা চলাকালে একজন পরিদর্শক ঐ পরীক্ষার্থীনীর নকল ধরে ফেলেন এবং তাকে বহিষ্কারের সিদ্ধান্ত নেন। কিন্তু অজ্ঞাত এক টেলিফোনের কারণে তিনি ঐ ছাত্রীকে বহিষ্কার করতে পারেননি। এছাড়া রাজশাহীর নিউ গভঃ ডিগ্রি কলেজ কেন্দ্রে একটি বিশেষ রাজনৈতিক গোষ্ঠীর পরীক্ষার্থীদের ব্যাপক নকল করার সুযোগ দেওয়া হচ্ছে বলে অভিযোগ পাওয়া গেছে।